গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd

স্মারক নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০২/২৪ (২০৩তম বুনিয়াদি পার্ট-১)/৩৪২৬

তারিখ: ০৮/০৯/১৪৩১ বঙ্গাব্দ
২৩/১২/২০২৪ খ্রি.

বিষয়: ২০৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ

সূত্র: স্মারক নং-৩৭.০২.০০০০.১১০.৬২.০০২.২৪.৩১৫৮ তারিখ : ১৯ ডিসেম্বর ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৫ পৌষ ১৪৩১/৩০ ডিসেম্বর ২০২৪ সোমবার হতে ১৫ বৈশাখ ১৪৩২/২৮ এপ্রিল ২০২৫ সোমবার পর্যন্ত অনুষ্ঠাতব্য জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের ২০৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁকে মনোনয়ন দেওয়া হয়েছে। কোর্সের প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা নিচে দেওয়া হলো:

১। কোর্সে অংশগ্রহণের জন্য ১৪ পৌষ ১৪৩১/২৯ ডিসেম্বর ২০২৪ রবিবার বিকাল ৩:০০-৪.০০টার মধ্যে প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্রসহ নায়েম-এর প্রশাসনিক ভবনের নিচতলায় 'ওয়ান স্টপ সার্ভিস পয়েন্ট'-এ রিপোর্ট করতে হবে;

২। রিপোর্টিং-এর সময় জীবন বৃত্তান্ত, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং ১০/- (দশ) টাকা মূল্যমানের ৫ (পাঁচ)-টি রাজস্ব টিকেট সঙ্গে আনতে হবে;

৩। প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণ চলাকালে নায়েম হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। হোস্টেলে ব্যবহার্য লেপ, তোশক, বালিশ, মশারি কর্তৃপক্ষ সরবরাহ করবেন;

৪। উদ্বোধনী অনুষ্ঠানে ও প্রথম কয়েকদিনের সেশনে পুরুষ প্রশিক্ষণার্থীগণকে বাধ্যতামূলকভাবে সাদা ফুলহাতা শার্ট, কালো ট্রাউজার (প্যান্ট) ও টাই পরিধান করতে হবে। যাঁরা পাঞ্জাবি-পাজামা পরিধান করেন তাঁরা সাদা পাঞ্জাবি-পাজামা এবং কালো জুতা (ফিতাসহ) পরিধান করবেন। সেজন্য প্রশিক্ষণে যোগদানের পূর্বে প্রশিক্ষণার্থীগণ সাদা শার্ট, কালো ট্রাউজার (প্যান্ট)/ পাঞ্জাবি-পাজামা ও কালো অক্সফোর্ড সু নিয়ে আসবেন। প্রশিক্ষণে যোগদানের দিন প্রশিক্ষণার্থীদের একই ধরনের একটি করে টাই সরবরাহ করা হবে। মেস রজনী ও অতিথি রজনীসহ প্রশিক্ষণ চলাকালীন অন্যান্য পোশাকের রঙ কোর্স কমিটি নির্ধারণ করবে।

৫। নারী প্রশিক্ষণার্থীগণকে উদ্বোধনী অনুষ্ঠানে, সেশনকক্ষে ও অন্যান্য কর্মসূচিতে অংশগ্রহণের জন্য কোর্স শুরুর অব্যবহিত পরেই কোর্স সমন্বয় কমিটির নির্দেশনা মোতাবেক ইউনিফর্ম (শাড়ি, স্যালোয়ার-কামিজ) তৈরি/ ক্রয় করতে হবে;

৬। শরীরচর্চা ও খেলাধুলার সময় অবশ্যই পুরুষ প্রশিক্ষণার্থীগণকে সাদা রঙের স্পোর্টস ট্রাউজার ও কলারসহ সাদা টি-শার্ট, সাদা মোজা, সাদা কেডস এবং নারী প্রশিক্ষণার্থীগণকে সাদা সালোয়ার-কামিজ এবং সাদা রঙের মোজা, সাদা কেডস পরিধান করতে হবে। প্রয়োজনে সকল অংশগ্রহণকারী সাদা ট্র্যাকস্যুট ব্যবহার করতে পারবেন। শরীরচর্চা ও খেলাধুলার পোশাক প্রশিক্ষণার্থীগণ সঙ্গে আনবেন;

৭। প্রশিক্ষণকালে প্রতি প্রশিক্ষণার্থীকে পোশাকভাতা বাবদ ১৫,০০০.০০ (পনেরো হাজার) টাকা, দৈনিক ৬০০.০০ (ছয়শত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা এবং প্রায় ২,০০০.০০ (দুই হাজার) টাকা মূল্যমানের বই প্রদান করা হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থী নিজ কর্মস্থল থেকে প্রশিক্ষণ কোর্সে (নায়েম) যোগদান ও প্রশিক্ষণ শেষে কর্মস্থলে যোগদান, শিক্ষাসফর, অফিস সংযুক্তি কার্যক্রম, নিজ গ্রাম সমীক্ষা ও বাংলাদেশকে জানো (Know Bangladesh) কার্যক্রমের জন্য যাতায়াত ও ভ্রমণভাতা (দৈনিক ভাতা বাদে) নিজ কর্মস্থল থেকে প্রাপ্য হবেন; উল্লেখ্য, অফিস সংযুক্তি কার্যক্রম, নিজ গ্রাম সমীক্ষা ও বাংলাদেশকে জানো' কার্যক্রমের জন্য দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন;

৮। কোর্সে যোগদানের সময় বিল প্রাপ্তির পূর্বে ব্যক্তিগত ব্যয় নির্বাহের জন্য (খাওয়া খরচ, হোস্টেল সার্ভিস চার্জ ইত্যাদি) কমপক্ষে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা সঙ্গে আনতে হবে। হোস্টেল সার্ভিস চার্জ বাবদ প্রতিদিন ৮০.০০ টাকা হারে ০৪ (চার) মাসে (৮০/-× ১২০দিন) = ৯৬০০/- (নয় হাজার ছয়শত) টাকা হোস্টেলে ওঠার সময় এককালীন পরিশোধ করতে হবে;

৯। কোর্সে প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ ভাতা খাতে প্রতিদিনের জন্য বরাদ্দকৃত ৬০০.০০ (ছয়শত) টাকা থেকে প্রতি দিনের দুই বেলা খাবার, সকালের নাশতা এবং সহপাঠক্রমিক কার্যক্রম ব্যবস্থাপনা ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করা হবে। এই অর্থের ব্যয়-বিবরণী প্রস্তুত করে প্রশিক্ষণার্থী ও নায়েম অনুষদ সদস্যগণের সমন্বয়ে গঠিত বিভিন্ন কমিটির মাধ্যমে ব্যয় করা হবে;

১০। ইতঃপূর্বে এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে থাকলে অথবা বয়স ৫০ বছর বা তদূর্ধ্ব হলে এ কোর্সে যোগদান করার প্রয়োজন নেই;

১১। মনোনীত কোনো কর্মকর্তা গুরুতর অসুস্থ হলে কিংবা কোনো নারী কর্মকর্তা সন্তান-সম্ভবা হলে কিংবা দুগ্ধপোষ্য শিশু থাকলে কিংবা সরকারি হাসপাতালে ভর্তি থাকলে মেডিকেল বোর্ডের সনদ পেশ করা সাপেক্ষে তাঁকে কোর্সে অংশগ্রহণ করা থেকে অব্যাহতি দেওয়া যেতে পারে। এক্ষেত্রে আগামী ২৬/১২/২০২৪ বেলা ১২:০০টার মধ্যে অংশগ্রহণের অপারগতা জানিয়ে অধ্যক্ষ/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, নায়েম বরাবর আবেদনপত্র প্রেরণ করতে হবে। আবেদনপত্রের অনুলিপি info@naem.gov.bd; abdurrahaman777@yahoo.com প্রেরণ করতে হবে। উল্লিখিত কারণ ব্যতীত এবং নির্ধারিত সময়ের মধ্যে অবহিত না করে কোর্সে অনুপস্থিত থাকলে তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হবে;

১২। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮, সরকারি কর্মচারী আইন ২০১৮ এবং নায়েমের প্রশিক্ষণ-সম্পর্কিত নিয়ম-শৃঙ্খলা ও বিধি-বিধান অনুসরণে কোর্সটি পরিচালিত হবে। কোনো প্রশিক্ষণার্থী এর ব্যত্যয় ঘটালে বিধি মোতাবেক কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উল্লেখ্য, প্রশিক্ষণ কোর্সে ছুটি বিধি প্রযোজ্য নয়।

১৩। মনোনীত সকল কর্মকর্তাকে আগামী ২৮ ডিসেম্বর ২০২৪ বেলা ০৩:০০টার মধ্যে http://www.naem.gov.bd → বুনিয়াদি কোর্স রেজিস্ট্রেশন অপশনে গিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করে প্রিন্ট কপি সঙ্গে আনতে হবে (অনলাইন রেজিস্ট্রেশন সম্পর্কিত বিস্তারিত টেকনিক্যাল তথ্যের জন্য উক্ত সাইটের Instruction অপশনে ক্লিক করতে হবে)। নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। প্রশিক্ষণ সংক্রান্ত অন্য কোনো তথ্য জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক ড. মোহাম্মদ আব্দুর রহমান মিয়া, সহকারী পরিচালক, নায়েম মোবাইল নম্বর-০১৭১১০০৬৭৭৩- অথবা জনাব মোজাম্মেল হক, সহকারী পরিচালক মোবাইল নম্বর- ০১৯২৩৭৯৭২৭৮, কোর্স সমন্বয়ক এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে;

১৪। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ-এর মনোনয়ন অনুযায়ী এ পত্র জারি করা হলো। সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীগণ কোর্সে অংশগ্রহণের জন্য ৩০ ডিসেম্বর ২০২৪ সোমবার থেকে কর্মরত প্রতিষ্ঠান হতে বিমুক্ত বলে গণ্য হবেন;

১৫। প্রশিক্ষণার্থীগণ ব্যক্তিগত ল্যাপটপ সঙ্গে আনবেন।

২৩/১২/২৪

(প্রফেসর ড. উম্মে আসমা)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০২/২৪(২০৩ তম বুনি. পার্ট-১)/৩৪২৬

তারিখ: ০৮/০৯/১৪৩১ বঙ্গাব্দ
২৩/১২/২০২৪ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন /প্রশিক্ষণ ও বাস্তবায়ন / গবেষণা ও তথ্যায়ন /প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা
৩ চেয়ারম্যান/ অধ্যক্ষ/ প্রকল্প পরিচালক/পরিচালক/ উপপরিচালক --
মনোনীত কর্মকর্তাকে যথাসময়ে অবমুক্ত করার জন্য তাকে অনুরোধ করা হলো (সংশ্লিষ্ট কর্মকর্তা ইতোমধ্যে অন্যত্র বদলি হয়ে থাকলে নতুন ঠিকানায় তাকে জানিয়ে দেওয়ার অনুরোধসহ)
৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ (তালিকাটির PDF কপি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রধান হিসাবরক্ষণ অফিসার, শিক্ষা মন্ত্রণালয় ৪৫, পুরানা পল্টন, ঢাকা
৭. জেলা/ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা --
৮. প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্র ও তালিকাটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, নায়েম
১০. অফিস কপি

২৩/১২/২৪

(প্রফেসর মনোয়ারা খাতুন)
কোর্স পরিচালক
২০৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স
মোবাইল: ০১৭১৭৮৭১৯৭৯